স্ত্রী-সন্তানকে হত্যা করে গভীর রাতে লাশ পুঁতে রাখল যুবক, অতঃপর…

স্ত্রী ও দেড় মাসের শিশুকন্যাকে হত্যা করে মাটিতে পুঁতে রাখার অভিযোগ উঠেছে এক যুবকের বিরুদ্ধে। ভারতের পশ্চিমবঙ্গের উত্তর দিনাজপুরের ইসলামপুর থানার হলুগাছ গ্রামে এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রের বরাতে পুলিশ জানিয়েছে, ইসলামপুর থানার সুজালি গ্রামপঞ্চায়েতের হলুগাছ গ্রামের বাসিন্দা আকবর আলির সঙ্গে দুই বছর আগে বিয়ে হয় নুরজাহান খাতুনের।

মাস দেড়েক আগে তাদের একটি কন্যাসন্তান হয়। বাড়িতে মা, বাবা, স্ত্রী ও কন্যাসন্তানকে নিয়েই থাকতেন আকবর।

কয়েক দিন ধরে স্ত্রীর সঙ্গে কলহ চলছিল আকবরের। বুধবার রাতেও তাদের মধ্যে ঝগড়া শুরু হয়।

এর পর গভীর রাতে আকবর তার স্ত্রী ও দেড় মাসের শিশুকন্যা রেজওয়ানাকে হত্যা করে ঘরের পাশে মাটিতে পুঁতে রাখেন।

এদিকে এ ঘটনা ঘিরে ব্যাপক চাঞ্চল্য ছড়ায় ওই এলাকায়। পরে বৃহস্পতিবার সকালে উত্তেজিত গ্রামবাসী অভিযুক্ত ব্যক্তি আকবর আলির বাড়িতে চড়াও হয়ে ভাঙচুর করে এবং আগুন ধরিয়ে দেয়। পরিস্থিতি বেগতিক দেখে গ্রাম ছেড়ে পালিয়ে যায় অভিযুক্ত।

খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় ফায়ার সার্ভিস ও স্থানীয় ইসলামপুর থানার পুলিশ। পরে ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে মাটি খুঁড়ে দুটি লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়।

অভিযুক্ত আকবর আলির খোঁজে তল্লাশি শুরু করেছে পুলিশ। জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে আকবরের মা ও বাবাকে।

ইসলামপুরের পুলিশ সুপার সচিন মক্কর বলেন, আইন অনুযায়ী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে মাটি খুঁড়ে লাশ দুটি উদ্ধার করা হয়েছে। কী কারণে ও কীভাবে ওই নারী ও তার শিশুসন্তানকে খুন করা হলো তা জানতে তদন্ত শুরু হয়েছে।’

তবে প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, শ্বাসরোধ করে স্ত্রী ও কন্যাকে খুন করেছে আকবর।

সৌদিতে সড়ক দুর্ঘটনায় ৩ বাংলাদেশি নিহত

সৌদি আরবের জেদ্দায় কাজ শেষে বাসায় ফেরার সময় লরির ধাক্কায় প্রাণ গেল তিন বাংলাদেশির। বুধবার স্থানীয় সময় দুপুর ১টায় জেদ্দার হাইয়াল সামির এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

ঘটনাস্থলেই মারা যাওয়া তিন বাংলাদেশি হলেন– ময়মনসিংহের গফরগাঁও উপজেলার কামাল উদ্দিনের ছেলে শাকিল মিয়া, টাঙ্গাইলের কালিহাতী উপজেলার আউলাতৈল গ্রামের ফোরকান আলীর ছেলে আল-আমিন ও নরসিংদীর মনোহরদী উপজেলার উত্তর কাঁচিকাটা গ্রামের কামাল মিয়ার ছেলে কাউসার মিয়া।

বিষয়টি নিশ্চিত করেছেন জেদ্দায় বাংলাদেশ কনস্যুলেটের আইন কর্মকর্তা হাসিব হোসেন। তিনি জানান, নিহত তিনজনই জেদ্দায় ইয়ামামা কোম্পানিতে পরিচ্ছন্নতাকর্মী হিসেবে কর্মরত ছিলেন। তাদের লাশ বাদশাহ আবদুল আজিজ হাসপাতালের হিমঘরে রাখা হয়েছে।

নিহত শাকিল মিয়ার চাচাতো ভাই রাসেল জানান, মঙ্গলবার রাত ১টার দিকে তারা কাজে যান। কাজ শেষে বুধবার দুপুর ১২টায় বাসায় ফেরার মুহূর্তে তাদের গাড়িতে ধাক্কা দেয় একটি লরি। এতে তিনজন ঘটনাস্থলেই মারা যান।

জেদ্দায় বাংলাদেশ কনস্যুলেটের শ্রমকল্যাণ উইংয়ের কাউন্সিলর আমিনুল ইসলাম জানান, আইনি প্রক্রিয়া শেষে যতদ্রুত সম্ভব লাশ দেশে পাঠানো হবে।

সুত্র-যুগান্তর

চীনে প্রাণঘাতী করোনাভাইরাসে মৃত বেড়ে ১৭০

চীনে প্রাণঘাতী করোনাভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে ১৭০ জনে দাঁড়িয়েছে। এর মধ্যে এ ভাইরাসের কেন্দ্রস্থল শুধু উহান শহরেই মারা গেছে ১৬২ জন। বাকিগুলো চীনের অন্যান্য শহরে।

এ ছাড়া পুরো চীনে এ ভাইরাসে আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৭ হাজার ৭১১ জনে। ক্রমেই এর প্রাদুর্ভাব ছড়িয়ে পড়ছে চীনের সর্বত্রই। খবর বিবিসির।

বিশ্বের ১৬ দেশে ছড়িয়ে পড়েছে প্রাণঘাতী এ ভাইরাস। মঙ্গলবারের চেয়ে বুধবার এ রোগে আক্রান্তের হার ৩০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এ ছাড়া চীনের বাইরে সারাবিশ্বে আরও ৯১ জনের দেহে এ ভাইরাসের লক্ষণ দেখা দিয়েছে।

এদিকে বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) জরুরি স্বাস্থ্যসেবা কর্মসূচির প্রধান ড. মাইক রায়ান বলেছেন, করোনাভাইরাস প্রতিরোধে এখনই বিশ্বকে সতর্ক হতে হবে।

ভাইরাসটি বিশ্বব্যাপী ‘জরুরি অবস্থায়’ রয়েছে কিনা তা নিয়ে চীনের বিশেষজ্ঞদের সঙ্গে বৃহস্পতিবার আলোচনায় বসছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

ড. রায়ান বলেন, এই রোগ কীভাবে সংক্রমিত হয় সে সম্পর্কে আরও জানতে একটি আন্তর্জাতিক বিশেষজ্ঞ দল চীন পাঠানো হচ্ছে।

গত ৩১ ডিসেম্বর উহানে এই ভাইরাসের উপস্থিতি পাওয়া যাওয়ার পর চীনের সীমানা পেরিয়ে এই ভাইরাস রাজধানী বেইজিং, সাংহাই, ম্যাকাও ও হংকংয়ের বাইরে ছড়িয়েছে।

এ পর্যন্ত চীন, থাইল্যান্ড, জাপান, দক্ষিণ কোরিয়া, যুক্তরাষ্ট্র, ভিয়েতনাম, হংকং, সিঙ্গাপুর, ভারত, মালয়েশিয়া, নেপাল, ফ্রান্স, অস্ট্রেলিয়া, কানাডা, জার্মানি, কম্বোডিয়া, শ্রীলংকা, সংযুক্ত আরব আমিরাত এবং তাইওয়ানে এই ভাইরাসে আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে। এছাড়া ইসরায়েলেও এক রোগীর শরীরে করোনাভাইরাস পাওয়া গেছে বলে ধারণা করা হচ্ছে।

প্রাণঘাতী করোনাভাইরাসের প্রাণকেন্দ্র চীনের মধ্যাঞ্চলের উহান শহর থেকে শত শত বিদেশি নাগরিককে সরিয়ে নেয়ার কাজ শুরু করেছে বিশ্বের বেশ কয়েকটি দেশ।

করোনাভাইরাসে আক্রান্ত এবং নিহতের সংখ্যা ক্রমান্বয়ে বাড়তে থাকায় যুক্তরাষ্ট্র, জাপান, অস্ট্রেলিয়া এবং ইউরোপীয় ইউনিয়নের বেশ কয়েকটি দেশ তাদের নাগরিকদের উহান থেকে সরিয়ে নিচ্ছে।

২০০৩ সালে একই গোত্রের ভাইরাস সিভিয়ার একিউট রেসপিরেটরি সিন্ড্রোমের (সার্স) প্রাদুর্ভাব দেখা দেয় চীনে।

এ ভাইরাসে আক্রান্ত হলে শুরুতে জ্বর ও শুষ্ক কাশি হতে পারে। এর সপ্তাহখানেক পর শ্বাসকষ্টও দেখা দেয়। অনেক সময় নিউমোনিয়াও হতে পারে।

কিছু কিছু ক্ষেত্রে রোগীর অবস্থা বেশি খারাপ হওয়ায় তাদের হাসপাতালে ভর্তি করা লাগে। তবে এসব লক্ষণ মূলত রোগীরা হাসপাতালে ভর্তি হওয়ার পরই জানা গেছে।

সুত্র-যুগান্তর

চীনে একদিনেই করোনাভাইরাসে আক্রান্ত দেড় হাজার

⇒মৃতের সংখ্যা বেড়ে ১৩২,

⇒আক্রান্ত ৬০৬৫ *

⇒‘শয়তান’ করোনাভাইরাস হার মানবে : শি জিনপিং

⇒ পদ্মা সেতুর ৩৫ চীনা কর্মী পর্যবেক্ষণে

⇒ এইচআইভির চিকিৎসায় ব্যবহৃত ওষুধ ব্যবহারের পরিকল্পনা চীনের

চীনসহ পৃথিবীর বিভিন্ন দেশে ছড়িয়ে পড়া প্রাণঘাতী করোনাভাইরাসের (2019-nCoV) সংক্রমণ দিন দিন বাড়ছে। চীনের মূল ভূখণ্ডে বুধবার এক দিনে প্রায় দেড় হাজার মানুষ প্রাণঘাতী এ ভাইরাসে আক্রান্ত হয়েছে। দেশটির ন্যাশনাল হেলথ কমিশন এ তথ্য দিয়েছে।

তাদের মতে, চীনে এ পর্যন্ত ১৩২ জনের মৃত্যু হয়েছে। আক্রান্তের সংখ্যা ৬০৬৫ জন। চীনসহ ১৮টি দেশে ছড়িয়ে পড়া করোনাভাইরাসকে ‘শয়তান’ আখ্যা দিয়ে চীনের প্রেসিডেন্ট শি জিনপিং বলেছেন, এ প্রাণঘাতী ভাইরাস মোকাবেলায় চীন জয়ী হবে।

এদিকে করোনার প্রাদুর্ভাব দেখা দেয়ায় স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয় পরিস্থিতি পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। অধিদফতর থেকে ইতিমধ্যে সব সিভিল সার্জনকে ভাইরাসটি সম্পর্কে সার্বিক পরিস্থিতি অবহিত করে সংক্রমণ প্রতিরোধে করণীয় নির্দেশনা দেয়া হয়েছে।

রোগতত্ত্ব রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইন্সটিটিউটের পরিচালক অধ্যাপক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা জানান, এ পর্যন্ত চীন থেকে ৩৩৪৮ জন বাংলাদেশে এসেছেন। তাদের মধ্যে সন্দেহজনক কোনো রোগী পাওয়া যায়নি। তাদের ঢাকা শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে স্ক্রিনিং করা হয়েছে।

চীন থেকে সম্প্রতি বাংলাদেশে আসা পদ্মা সেতু প্রকল্পের ৩৫ কর্মীকে নজরদারিতে রাখা হয়েছে। এসব কর্মীকে কাজের বাইরে রাখা হয়েছে বলে জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

আবদুল মোমেন বলেছেন, করোনাভাইরাসের প্রাদুর্ভাবে চীনে আটকা পড়া বাংলাদেশিদের ফেরত আনতে সরকার সম্পূর্ণভাবে প্রস্তুত রয়েছে। চীন সরকার রাজি হলেই তাদের ফেরত আনা হবে। তবে সব বাংলাদেশি এখনই দেশে ফিরতে চান না বলে জানিয়েছেন।

বুধবার রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় ঢাকা-সিলেট চার লেন রোড তৈরির পরিকল্পনা নিয়ে সিলেটের মন্ত্রী, সংসদ সদস্য ও রাজনীতিবিদদের সঙ্গে মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন মন্ত্রী।

পররাষ্ট্রমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশে চীনে অবস্থান করা বাংলাদেশিদের ফেরত আনতে আমরা বিমানের ফ্লাইটও প্রস্তুত করে রেখেছি। নিজেদের নাগরিকদের দেশে ফেরত আনার বিষয়টি চীনা কর্তৃপক্ষকে আমরা জানিয়েছি। তবে তারা বলেছে, অন্তত দু’সপ্তাহ সবাইকে পর্যবেক্ষণে রাখবে।

এরপর বিদেশিরা নিজ দেশে ফিরতে পারবেন। তিনি বলেন, দেশে ফিরতে চাওয়া বাংলাদেশিদের তালিকা করা হয়েছে। তাদের নিবন্ধন শুরু হয়েছে। তবে অনেকে ফিরতে আগ্রহী নন। তারা বলেছেন, এ অবস্থায় দেশে ফেরা ঠিক হবে না। কারণ, এ ভাইরাসে আক্রান্তদের সব ধরনের চিকিৎসাসেবা চীন দিচ্ছে।

বাংলাদেশে এলে কী ধরনের সেবা পাবেন সেটা বলা মুশকিল। মন্ত্রী বলেন, জাপান ও যুক্তরাষ্ট্রসহ অন্যান্য দেশও নিজ নাগরিকদের ফেরত নিতে আগ্রহ দেখিয়েছে। তবে চীনারা এখনই কোনো বিদেশিকে ফেরত পাঠাচ্ছে না। এ বিষয়ে তারা খুব কঠোর। পররাষ্ট্রমন্ত্রী জানান, চীন থেকে বাংলাদেশি নাগরিকদের ফেরত আনা হলেও তাদের পর্যবেক্ষণে রাখা হবে। কারণ আমরা চাই না, ভাইরাসটা সারা দেশে ছড়িয়ে পড়ুক।

বাংলাদেশে এখনও কোনো রোগী না পাওয়ায় আতঙ্কিত না হতে পরামর্শ দিয়েছে স্বাস্থ্য মন্ত্রণালয়। দেশের সব জেলা প্রশাসক ও পুলিশ সুপার এবং সিভিল সার্জনদের নিজ নিজ জেলায় ১৪ দিনে চীন থেকে আগত নাগরিকদের তালিকা প্রদান করতে বলা হয়েছে।

অ্যাসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশকে চীন এ ভ্রমণ সংক্রান্ত করণীয় নির্দেশনা দেয়া হয়েছে। ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিকে চীনে এ সময় ব্যবসায়িক ভ্রমণ সংক্রান্ত করণীয় নির্দেশনা দেয়া হয়েছে।

দেশের বিভিন্ন স্থানে সতর্কতা : যুগান্তরের প্রতিনিধিদের পাঠানো তথ্যে দেখা গেছে, দেশের বিভিন্ন স্থানে স্বাস্থ্য মন্ত্রণালয় নির্দেশিত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। টেকনাফ স্থলবন্দরে ইমিগ্রেশন যাতায়াত বন্ধ থাকলেও মিয়ানমার থেকে পণ্যবোঝাই ট্রলারের যাতায়াত রয়েছে।

তবে সেগুলোর মাঝি-মাল্লাদের চলাচল নিয়ন্ত্রণে রাখা হয়েছে। দর্শনা সীমান্ত বন্দরে স্থাপন করা হয়েছে মেডিকেল ক্যাম্প। ক্যাম্পের প্রধান চিকিৎসক ডা. শাকিল আর সালান জানিয়েছেন, প্রাথমিকভাবে সেখানে ভারত থেকে আগতদের স্বাস্থ্য পরীক্ষা করা হবে। মোংলা সমুদ্রবন্দরেও বসানো হয়েছে স্ক্যানার।

পোর্ট হেলথ কর্মকর্তা ডা. সুফিয়া খাতুন এ তথ্য নিশ্চিত করেছেন। এ ছাড়া চাঁপাইনবাবগঞ্জের সোনামসজিদ ইমিগ্রেশন, হবিগঞ্জের চুনারুঘাটে মেডিকেল টিম কাজ করছে।

সিলেট ব্যুরো জানায়, ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে করোনাভাইরাস আইসোলেশন ইউনিট চালু করা হয়েছে। আগাম সতর্কতা হিসেবে হাসপাতালে একটি বিশেষজ্ঞ কমিটিও গঠন করা হয়েছে। হাসপাতাল সূত্র জানায়, কিছুদিন আগে ডেঙ্গু রোগীদের জন্য একটি বিশেষ ইউনিট বা কর্নার চালু করা হয়েছিল।

এ ইউনিটই এখন আইসোলেশন ইউনিটে রূপান্তর করা হয়েছে। ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের উপ-পরিচালক ডা. হিমাংশু লাল রায় এ তথ্য নিশ্চিত করে বলেন, করোনাভাইরাসের ভয়াবহতা বিবেচনা করে স্বাস্থ্য অধিদফতর থেকে ৫ বেডের আইসোলেশন ইউনিট চালুর নির্দেশনা ছিল। তবে ৮ বেডের ইউনিট চালু করা হয়েছে।

নারায়ণগঞ্জের বন্দর প্রতিনিধি জানান, সেখানে চীনা নাগরিকদের অবাধ বিচরণে করোনা ভাইরাস আতঙ্কে রয়েছেন এলাকাবাসী। বন্দরের মদনপুরের শাইরা গার্ডেন, লক্ষণখোলার ডংজিলংজিভিটি ব্যাটারি কারখানাসহ কয়েকটি এলাকায় জীবিকার জন্য বাস করছেন এসব চীনা নাগরিক।

এলাকার হাটবাজার ও রাস্তাঘাটে এদের অবাধ বিচরণ লক্ষ করা গেছে। এতে করোনাভাইরাস ছড়িয়ে পড়ার আশঙ্কা করছেন স্থানীয়রা। তবে বন্দর এলাকা পর্যন্ত ভাইরাসটির আসার কোনো সুযোগ নেই জানিয়ে বন্দর উপজেলা নির্বাহী অফিসার শুক্লা সরকার বলেন, এ ব্যাপারে আতঙ্কিত হওয়ার কিছু নেই।

ভাইরাস মোকাবেলায় বিভিন্ন দেশের প্রস্তুতি: বাংলাদেশ, ভারত, যুক্তরাষ্ট্র, জাপানসহ বেশকিছু দেশ ইতিমধ্যে তাদের নাগরিকদের উহান ও হুবেই প্রদেশ থেকে সরিয়ে আনার প্রস্তুতি নিচ্ছে। তবে আপাতত সেখান থেকে বিদেশিদের সরাতে গেলে ভাইরাস আরও বেশি ছড়িয়ে পড়বে কি না, সেই শঙ্কা রয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থার।

চীন থেকে যারাই অন্য দেশে যাচ্ছেন, তাদের অন্তত ১৪ দিন পর্যবেক্ষণে রাখার পরামর্শ দেয়া হচ্ছে। অনেক দেশ তাদের নাগরিকদের জরুরি প্রয়োজন ছাড়া চীনে না যেতে পরামর্শ দিয়েছে। ফিলিপিন্স, শ্রীলংকা ও ইন্দোনেশিয়া তাদের বিমানবন্দরে চীনা নাগরিকদের অন অ্যারাইভাল ভিসা প্রদান বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে।

অস্ট্রেলিয়া তাদের নাগরিকদের হুবেই থেকে দেশে ফিরিয়ে আপাতত ভারত মহাসাগরের দুর্গম একটি দ্বীপে রেখে পর্যবেক্ষণ করার কথা ভাবছে। সিএনএন জানিয়েছে, নতুন করোনাভাইরাস নিয়ন্ত্রণের উপায় খুঁজতে আন্তর্জাতিক বিশেষজ্ঞদের একটি দলকে চীনে পাঠাচ্ছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। ওই বিশেষজ্ঞ দলে যুক্তরাষ্ট্রের সেন্টার ফর ডিজিজেস কন্ট্রোলের (সিডিসি) প্রতিনিধিরাও থাকবেন।

‘শয়তান’ করোনাভাইরাস হার মানবে: মঙ্গলবার বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) প্রধান টেড্রোস আধানম গ্যাব্রেইয়েসুসের সঙ্গে বৈঠকে তিনি বলেন, নতুন করোনাভাইরাস একটি শয়তান। আমরা এ শয়তানকে গুপ্তঘাতক হয়ে থাকতে দিতে পারি না।

চীন সরকার এ ভাইরাসের আক্রমণকে সার্স দুর্যোগের শ্রেণিতে রেখেছে। এর অর্থ হল- দেশটিতে যারা ভাইরাসটিতে আক্রান্ত হবেন তাদের অবশ্যই আলাদা করে ফেলতে হবে। প্রেসিডেন্ট শি বলেন, করোনাভাইরাস যুদ্ধে জয়ী হওয়ার পূর্ণ আত্মবিশ্বাস এবং সক্ষমতা চীনের আছে।

তিনি বলেন, চীন আন্তর্জাতিক সহযোগিতা জোরদার করবে এবং ভাইরাস প্রতিরোধ কর্মসূচিতে ডব্লিউএইচওর অংশগ্রহণকে স্বাগত জানাবে। ডব্লিউএইচওর এক মুখপাত্র বলেন, করোনোভাইরাস ছড়িয়ে পড়া এলাকাগুলোয় চীনা ও বিদেশি নাগরিকদের কীভাবে সুরক্ষা দেয়া যায় এবং সেখান থেকে লোকজনকে কীভাবে সরিয়ে নেয়া যায় তা নিয়ে বেইজিংয়ে তারা আলোচনা করেন।

এদিকে করোনাভাইরাসে আক্রান্তদের জন্য কোনো টিকা ও রোগ উপশমকারী ওষুধ না থাকায় চীন জরুরি ভিত্তিতে এইচআইভির চিকিৎসায়

ব্যবহৃত ওষুধ ব্যবহারের পরিকল্পনা করছে। চীনের ন্যাশনাল হেলথ কমিশনের (এনএইচসি) বেইজিং শাখা জানায়, ভাইরাসটিতে আক্রান্তদের চিকিৎসার জন্য লোপিনাভাইর ও রিটোনাভাইরের সমন্বয় ব্যবহারের পরিকল্পনা করা হয়েছে।

এইচআইভির সংক্রমণ প্রতিরোধে কালেট্রা নামে আবভিয়ে কোম্পানি এটি বাজারজাত করে থাকে। একে অ্যালুভিয়া নামেও ডাকা হয়। এনএইচসি জানায়, ভাইরাসটির সংক্রমণের বিরুদ্ধে এখন পর্যন্ত কোনো কার্যকর অ্যান্টিভাইরাল ওষুধ না থাকার কারণে রোগীদের দিনে দুবার দুটি লোপিনাভাইর ও রিটোনাভাইর ট্যাবলেট ও দিনে দুবার এক ডোজ আলফা- ইন্টারফেরন নেবুলাইজারের মাধ্যমে দেয়ার পরামর্শ দেয়া হয়েছে।

গবেষণাগারে নভেল করোনাভাইরাসের প্রতিলিপি তৈরি: অস্ট্রেলিয়ার মেলবোর্নের গবেষণাগারে নভেল করোনাভাইরাসের একটি প্রতিলিপি তৈরি করা হয়েছে। অস্ট্রেলিয়ার একদল বিজ্ঞানী প্রতিলিপি তৈরি করেন। এটিকে করোনাভাইরাসের প্রতিষেধক আবিষ্কারের পথে ‘উল্লেখযোগ্য অগ্রগতি’ হিসেবে দেখা হচ্ছে।

এর মাধ্যমে দ্রুত এ প্রাণঘাতী ভাইরাসটির টিকা তৈরি করা যাবে বলে আশা করছেন বিজ্ঞানীরা। মেলবোর্নের পিটার ডোহার্টি ইন্সটিটিউট ফর ইনফেকশন অ্যান্ড ইমিউনিটির গবেষকরা বুধবার জানান, রোগাক্রান্ত এক রোগীর শরীর থেকে সংগ্রহ করা নমুনা থেকে ভাইরাসটি উৎপাদন করা হয়েছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) ও বিশ্বের অন্য গবেষকরা এটি শেয়ার করতে পারবেন। ইতোমধ্যেই চীনের একটি গবেষণাগারেও সাফল্যজনকভাবে এ নভেল করোনাভাইরাসটি উৎপাদন করা হয়েছে। কিন্তু তারা ভাইরাসটির নমুনা প্রকাশ না করে শুধু এর জিনোম সিকোয়েন্স প্রকাশ করেছে।

ডোহার্টি ইন্সটিটিউটের উপ-পরিচালক মাইক ক্যাটন বলেন, এ ধরনের একটি ঘটনার জন্য আমরা বহু বছর ধরে পরিকল্পনা করেছি, আর সত্যিকারভাবে এ জন্যই আমরা এত তাড়াতাড়ি জবাব পেতে সক্ষম হয়েছি। তবে এককভাবে এ অগ্রগতিতেই নতুন ভাইরাসটির বিরুদ্ধে লড়াইয়ের চিত্র পাল্টে যাবে না বলেও উল্লেখ করেন তিনি।

বিশ্বে ওষুধ ঘাটতি বাড়াবে করোনাভাইরাস: করোনাভাইরাস আতঙ্কের কারণে মানুষ জ্বর-ঠাণ্ডাজনিত রোগের ওষুধ কিনতে হুমড়ি খেয়ে পড়েছে। কিছু কিছু জায়গায় মাস্ক-হ্যান্ড স্যানিটাইজারের ঘাটতি

দেখা দিয়েছে। এ ভাইরাসের কারণে ওষুধ সরবরাহে ঘাটতি দেখা দিতে পারে।

সম্প্রতি মার্কিন সাময়িকী উইয়ার্ড প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। প্রতিবেদনে বলা হয়- করোনাভাইরাসের উৎস চীনে, আবার এর সংক্রমণ থেকে বাঁচতে প্রয়োজনীয় পণ্যগুলোর বড় উৎপাদকও তারা। বিষয়টি খুবই অদ্ভুত। মানুষ জীবনরক্ষাকারী পণ্যের জন্য চীনা কোম্পানিগুলোর ওপর অনেকটাই নির্ভরশীল।

বিশ্বে ওষুধের উপাদান উৎপাদনকারী অন্যতম দেশও চীন। করোনাভাইরাস সংক্রমণের কারণে ওষুধ সংকট দেখা না দিলেও সরবরাহের ক্ষেত্রে যথেষ্ট হুমকি হয়ে দাঁড়িয়েছে।

আরব আমিরাতে করোনাভাইরাসের রোগী : চীনের উহান থেকে সংযুক্ত আরব আমিরাতে যাওয়া একটি পরিবারের সদস্যদের শরীরে করোনাভাইরাস শনাক্ত করা হয়েছে। এর মাধ্যমে এ প্রথম আবর আমিরাতে এ ভাইরাস শনাক্ত হল। বুধবার দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে এ তথ্য জানানো হয়।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়, করোনাভাইরাসে আক্রান্ত ব্যক্তিদের অবস্থা স্থিতিশীল আছে। তাদের সার্বক্ষণিক পর্যবেক্ষণে রাখা হয়েছে। তবে কোন হাসপাতালে তাদের চিকিৎসা করা হচ্ছে সে তথ্য দেয়া হয়নি। সংযুক্ত আরব আমিরাতের দুবাই এবং আবুধাবির প্রধান বিমানবন্দরের পক্ষ থেকে গত সপ্তাহে বলা হয়েছিল- চীন থেকে আসা যাত্রীদের পরীক্ষা করা হবে এবং বিমানবন্দরে এ বিষয়ে সর্বোচ্চ সতর্ক ব্যবস্থা রাখা হবে।

সুত্র-যুগান্তর

চীনে করোনা ভাইরাসে মৃত ১৩২

চীনে প্রাণঘাতী করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৩২ জনে।

দেশটির স্বাস্থ্য বিভাগ মঙ্গলবার জানিয়েছে, প্রায় ছয় হাজার মানুষের শরীরে এই ভাইরাস সংক্রমিত হয়েছে। খবর বিবিসি ও রয়টার্সের।

কিন্তু সেখানে পড়তে যাওয়া বিদেশি শিক্ষার্থীরা বলছেন– পত্রপত্রিকায় যা আসছে তার চেয়ে অনেক ভয়াবহ চিত্র চীনের। মৃতের সংখ্যাও বহুগুণ। আন্তর্জাতিক গণমাধ্যমে দেশটির সরকার করোনাভাইরাসের সঠিক তথ্য দিচ্ছে না বলে অভিযোগ উঠেছে।

চীনের হুবেইপ্রদেশের উহান শহর থেকে ছড়িয়ে পড়া করোনাভাইরাস ঘিরে ক্রমেই বাড়ছে আতঙ্ক। এর কারণ অব্যাহত মৃত্যু আর ভাইরাসের দ্রুত সংক্রমণ।

চীনে যেভাবে আক্রান্ত ও মৃতের সংখ্যা বাড়ছে, তা সামাল দিতে রীতিমতো চ্যালেঞ্জের মুখে পড়তে হচ্ছে চীন সরকারকে।

ভয়ঙ্কর এই রোগের সংক্রমণ ঠেকাতে ১৪টিরও বেশি শহর অবরুদ্ধ করে দিয়েছে চীন। সেখানে সব ধরনের যান চলাচল ও বিমানবন্দর বন্ধ করে দেয়া হয়েছে। এসব শহরে কেউ প্রবেশ করতে কিংবা শহর থেকে বের হতে পারছেন না।

ফলে অবরুদ্ধ হয়ে পড়েছেন শহরগুলোর পাঁচ কোটির মতো মানুষ। নতুন করে আরও বেশ কয়েকটি শহরে গণপরিবহন বন্ধ করে দেয়া হয়েছে। এ ছাড়া বিভিন্ন শহরের বাসিন্দাদের ভ্রমণে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

এদিকে চীন থেকে নাগরিকদের দেশে ফিরিয়ে নিচ্ছে বেশ কয়েকটি দেশ। অস্ট্রেলিয়া, জাপান, যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়ন তাদের নাগরিকদের চীন থেকে দেশে ফিরিয়ে নেয়ার প্রক্রিয়া শুরু করেছে।

চীনের হুবেইপ্রদেশের স্বাস্থ্য কমিশন জানায়, মহামারী আকারে ছড়িয়ে পড়া এই ভাইরাসে আরও বেশ কয়েকজন প্রাণ হারিয়েছেন এবং গোটা চীনে নিশ্চিত করোনাভাইরাস সংক্রমিত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে অন্তত পাঁচ হাজার ৯৭৪ জনে।

এ ছাড়া আরও অন্তত ৯ হাজার ২৩৯ জন করোনাভাইরাসে সংক্রমিত হয়েছেন বলে সন্দেহ করা হচ্ছে। চীন ছাড়াও আরও ১৬ দেশে করোনাভাইরাসে আক্রান্ত ব্যক্তি শনাক্ত করা হয়েছে।

হুবেইপ্রদেশের ডেপুটি গভর্নর ইয়াং উনইয়ান বলেন, ‘২৬টি গ্রুপে বিভক্ত করে তিন হাজার ১০০ চিকিৎসককে হুবেইপ্রদেশে আনা হয়েছে।

এ ছাড়া উহান ও অন্যান্য শহরে ৩০০ জনের আরও চারটি টিম ভাইরাস সংক্রমিতদের চিকিৎসায় কাজ করছে।

করোনাভাইরাসের প্রতিষেধক আবিষ্কারের চেষ্টা চালিয়ে যাচ্ছেন বিভিন্ন দেশের গবেষকরা। এখনও কোনো সুখবর দিতে না পারলেও মার্কিন চিকিৎসাবিজ্ঞানী কার্লা সেশেল দ্রুত এই রোগের ভ্যাক্সিন তৈরির ব্যাপারে আশাবাদী।

এদিকে চীনের সীমান্ত পেরিয়ে অন্যান্য দেশেও ছড়িয়ে পড়ছে এই ভয়াবহ ভাইরাসটি। সর্বশেষ সিঙ্গাপুর ও জার্মানিতেও করোনাভাইরাসে আক্রান্ত হওয়া রোগী শনাক্ত হয়েছে। এর আগে থাইল্যান্ড, যুক্তরাষ্ট্র, তাইওয়ান, দক্ষিণ কোরিয়া, মালয়েশিয়া ও জাপানে এই ভাইরাসে বেশ কয়েকজন আক্রান্ত হয়েছেন বলে জানা গেছে।

প্রয়োজন ছাড়া চীন ভ্রমণের ক্ষেত্রে সতর্কতা জারি করেছে কানাডা ও যুক্তরাষ্ট্র।

ভারতের চারটি রাজ্যেও এ ভাইরাসে আক্রান্ত হয়ে থাকতে পারে, এমন সন্দেহে অন্তত দুই শতাধিক ব্যক্তিকে পর্যবেক্ষণে রাখা হয়েছে। এতে আতঙ্ক দেখা দিয়েছে বাংলাদেশেও।

সুত্র-যুগান্তর

পূর্ব জেরুজালেমকে ফিলিস্তিনের রাজধানী করার প্রস্তাব ট্রাম্পের

মধ্যপ্রাচ্যে শান্তির জন্য বহুল আলোচিত কথিত শান্তি পরিকল্পনা প্রকাশ করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

৮০ পাতার প্রস্তাবটি বাস্তবিক দ্বিরাষ্ট্রীয় সমাধান হবে জানিয়ে আলোচনার ভিত্তিতে ইসরাইলও এতে একমত হয়েছে বলে তিনি জানান। খবর রয়টার্সের।

৮০ পৃষ্ঠার এ পরিকল্পনার ৫০ পৃষ্ঠাই ব্যয় করা হয়েছে রাজনৈতিক পরিকল্পনা উপস্থাপনের জন্য। পরিকল্পনার বাকি ৩০ পৃষ্ঠা গত বছরের জুলাইয়েই প্রকাশ করা হয়েছিল। যেখানে মূলত অর্থনৈতিক পরিকল্পনা তুলে ধরা হয়। মঙ্গলবার প্রকাশিত পরিকল্পনায় পূর্ব জেরুজালেমকে রাজধানী করে ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার প্রস্তাব করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

ট্রাম্পের প্রস্তাবে পশ্চিমতীরে ইসরাইলের দখলকে যুক্তরাষ্ট্র স্বীকৃতি দেবে বলে উল্লেখ করা হয়েছে। বিনিময়ে চার বছরের জন্য ইসরা।ল দখলকৃত এলাকার সম্প্রসারণ বন্ধ রাখবে। এ সময়টিতে ফিলিস্তিন রাষ্ট্রের বিষয়টি নিয়ে আলোচনা চলবে।

৫ হাজার কোটি ডলারের সেই পরিকল্পনাটি তৈরিতে মুখ্য ভূমিকা রেখেছিলেন ট্রাম্প জামাতা ও উপদেষ্টা জ্যারেড কুশনার।

হোয়াইট হাউসে দখলদার ইসরাইলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর সঙ্গে এক যৌথ সংবাদ সম্মেলনে ট্রাম্প বলেন, আজ শান্তির জন্য ইসরাইল এক বড় পদক্ষেপ নিয়েছে।

২০১৪ সালে ইসরাইল-ফিলিস্তিন আলোচনা কোনো মীমাংসা ছাড়াই বন্ধ হয়ে যায়। সেই আলোচনা নতুন করে আবার শুরু হবে কিনা, সে বিষয়ে ডোনাল্ড ট্রাম্পের প্রস্তাবে কিছু স্পষ্ট করা হয়নি।

মার্কিন কর্মকর্তারা বলছেন, ফিলিস্তিন প্রস্তাবটি নিয়ে সংশয়ী থাকবে, সে বিষয়ে তারা নিশ্চিত। তবে ধীরে ধীরে তারা আলোচনার জন্য রাজি হবে।

একটি রাষ্ট্র হিসেবে স্বীকৃতি আদায়ে ফিলিস্তিনের যে দীর্ঘদিনের লড়াই, সে পথে এই পরিকল্পনা বেশ বড়সড় বাধা হয়েই সামনে এসেছে। নির্বাচন সামনে থাকায় দেশটির প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বেশ চাপে রয়েছেন। পরিকল্পনায় ট্রাম্প প্রশাসন একটি সম্ভাব্য মানচিত্রও তুলে ধরেছে, যেখানে বর্তমানে ফিলিস্তিন নিয়ন্ত্রিত অঞ্চলের দ্বিগুণ এরিয়া ভবিষ্যৎ ফিলিস্তিন রাষ্ট্রের জন্য প্রস্তাব করা হয়েছে।

বিষয়টি নিয়ে শুরুতেই আপত্তি জানিয়ে রেখেছে ফিলিস্তিন। আর হামাস সব ধরনের দখলদারি প্রতিরোধ করার ঘোষণা আগেই দিয়ে রেখেছে।

সুত্র-যুগান্তর

চীনে করোনাভাইরাসে মৃতের সংখ্যা ১০৬

চীনে নতুন প্রাণঘাতী করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা ৪ হাজার ছাড়িয়ে গেছে। দিন দিন এ ভাইরাসে আক্রান্তের সংখ্যা বাড়ছে।

এতে এখন পর্যন্ত মারা গেছেন ১০৬ জনেরও বেশি। দেশটিতে রোববার থেকে শুরু হওয়া নববর্ষের ছুটি তিন দিন বাড়ানো হয়েছে। খবর বিবিসির।

প্রাণঘাতী ভাইরাসটির বিস্তার বাড়ছে বলেও মন্তব্য করেছেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং। চীন কঠিন পরিস্থিতির মধ্যে রয়েছে বলেও হুশিয়ারি দিয়েছেন তিনি।

গত বছরের শেষ দিকে চীনের মধ্যাঞ্চলীয় শহর উহানের একটি সিফুড

করোনাভাইরাসে আক্রান্ত ৪২ রোগীর সন্ধান পাওয়া গেছে।

সুত্র-যুগান্তর

চীনকে পরস্পরকে হাত না মেলাতে পরামর্শ

চীনে লোকজনকে পরস্পরের সঙ্গে হাত না মেলাতে আহ্বান জানিয়েছেন বেইজিংয়ের স্বাস্থ্য কর্তৃপক্ষ। তার বদলে হাত দিয়ে অভিবাদন জানানোর ঐতিহ্যবাহী ভঙ্গি অনুসরণ করতে পরামর্শ দেয়া হয়েছে।

রয়টার্সের খবরে জানা গেছে, রোববার সকালে শহরের মোবাইল ফোন ব্যবহারকারী বাসিন্দাদের কাছে ক্ষুদে বার্তা পাঠিয়ে এ আহ্বান জানানো হয়।

বিশ্বব্যাপী নতুন প্রাণঘাতী করোনাভাইরাসটিতে আক্রান্তের সংখ্যা দুই হাজার ছাড়িয়ে গেছে। আর এতে এখন পর্যন্ত মারা গেছেন ৫৬ জন। রোববার প্রকাশিত নতুন তথ্য থেকে এমন তথ্য জানা গেছে।

প্রাণঘাতী ভাইরাসটির বিস্তার বাড়ছে বলেও মন্তব্য করেছেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং। চান্দ্র নবর্ষের সরকারি ছুটিতে বিশেষ এক বৈঠকে তিনি এমন মন্তব্য করলেন। বিবিসি ও রয়টার্সের খবরে এমন তথ্য জানা গেছে।

এসময় চীন কঠিন পরিস্থিতির মধ্যে রয়েছে বলেও হুশিয়ারি দিয়েছেন তিনি।

গত বছরের শেষ দিকে চীনের মধ্যাঞ্চলীয় শহর উহানের একটি সিফুড মার্কেট থেকে ভাইরাসটি ছড়িয়েছে বলে বিশ্বাস করা হয়। যেখানে

অবৈধভাবে বন্যপ্রাণী বিক্রি হতে দেখা গেছে।

উহান থেকে ভাইরাসটির প্রাদুর্ভাব চীনের রাজধানী বেইজিং, বৃহত্তম শহর সাংহাইয়ের পাশাপাশি থাইল্যান্ড, দক্ষিণ কোরিয়া, জাপান, মালয়েশিয়া, নেপাল, যুক্তরাষ্ট্র, ফ্রান্স ও কানাডা পর্যন্ত পৌঁছে গেছে।

এই প্রাদুর্ভাবকে বিশ্ব স্বাস্থ্য জরুরি অবস্থা আখ্যা দেয়ার কাছাকাছি অবস্থায় রয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। মহামারী নিয়ন্ত্রণে চীন কতটা সক্ষম হবে তা নিয়ে স্বাস্থ্য বিশেষজ্ঞরা দ্বিধায় রয়েছেন।

রোববার চীন জানায়, ২৫ জানুয়ারি পর্যন্ত এই করোনাভাইরাসে এক হাজার ৯৭৫ জন রোগী আক্রান্ত হয়েছেন। এই রোগ বিস্তার কেন্দ্র করে চীনা ভ্রমণে কড়াকড়ি আরোপ করা হয়েছে।

এক কোটি ১০ লাখ লোকের শহর উহান মূলত বন্ধ করে দেয়া হয়েছে। খুব জরুরি যানবাহন ছাড়া কোনো যাতায়াতও করতে দেয়া হচ্ছে না শহরটিতে।

মঙ্গলবার মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, উহানে মার্কিন কনস্যুলেট থেকে তাদের কর্মীদের অন্যত্র সরিয়ে নেয়া হবে। ২৮ জানুয়ারি সান ফ্রান্সিসকোগামী ফ্লাইটে মার্কিন বেসরকারি নাগরিকদের সীমিত সংখ্যক আসনের প্রস্তাব দেয়া হয়েছে।

সুত্র-যুগান্তর

কী ভাবছে ভারত? কাশ্মীর সংকট:

পাকিস্তান সফরে আসছেন ট্রাম্প

বুধবার দেশটির পররাষ্ট্রমন্ত্রী শাহ মাহমুদ কোরেশি এ কথা জানিয়েছেন। তিনি বলেন, সুইজারল্যান্ডের দাভোসে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) আলোচনার এক ফাঁকে প্রধানমন্ত্রী ইমরান খানের সঙ্গে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প পাকিস্তান সফরের বিষয়টি নিশ্চিত করেন। খবর এক্সপ্রেস ট্রিবিউনের।

শিগগিরই পাকিস্তান সফর আসছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এ সফরে কাশ্মীর নিয়ে ভারতের সঙ্গে বিরোধের বিষয়টিও প্রাধান্য পাবে বলে পাকিস্তানের পক্ষ থেকে জানানো হয়েছে।

কয়েকটি ধারাবাহিক টুইটে পররাষ্ট্রমন্ত্রী জানান, দুই দেশের নেতাদের মধ্যে তৃতীয় বৈঠককে তিনি ভালো বলে উল্লেখ করেছেন। তিনি যোগ করেন, তাদের মধ্যে দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদারের বিষয়টির বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়েছে। এ ছাড়া বিশেষ করে তারা বাণিজ্য ও বিনিয়োগের দিকেও মনোযোগ দিয়েছেন।

প্রধানমন্ত্রী ইমরান খান ও প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যকার আলোচনা নিয়ে পররাষ্ট্রমন্ত্রী বলেন, তাদের মধ্যে আলোচনা এক ঘণ্টা চলমান ছিল। এ সময় বিভিন্ন গুরুত্বপূর্ণ ইস্যু নিয়ে ট্রাম্প ও তার পুরো দলের সঙ্গে আলোচনা হয়েছে।

প্রতিবেদনে বলা হয়, ওই বৈঠকে কাশ্মীর ইস্যু নিয়ে আলোচনা হয়েছে এবং মার্কিন প্রেসিডেন্ট কয়েক দশক ধরে চলতে থাকা বিরোধ নিষ্পত্তির বিষয়টি সমাধান করার সম্মতি দিয়েছেন। ভারত অধিকৃত জম্মু-কাশ্মীর নিয়ে যুক্তরাষ্ট্রের ভূমিকার বিষয়টি ইমরান খান উত্থাপন করেন। এ সময় ট্রাম্প প্রস্তাব রাখেন জম্মু-কাশ্মীর নিয়ে দিল্লি ও ইসলামাবাদের মধ্যে বিরোধের বিষয়টি তিনি নিষ্পত্তি করবেন। এ সময় দুই নেতার আলোচনার মধ্যে আফগানিস্তানের বিষয়টিও প্রাধান্য পায়। এ ছাড়া বৈঠকে পাক প্রধানমন্ত্রী ইমরান খান মধ্যপ্রাচ্যের উত্তেজনার বিষয়টি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন।

এ দিকে সম্প্রতি জাতিসংঘের নিরাপত্তা পরিষদে কাশ্মীর ইস্যুটি চীন উত্থাপন করলে ভেটো প্রয়োগ করে নিরাপত্তা পরিষদের বাকি চার দেশ। ওই সময় ভারতের পক্ষ থেকে বলা হয়, কাশ্মীর ইস্যুটি দিল্লির অভ্যন্তরীণ বিষয়। পাকিস্তানের পক্ষ নিয়ে চীন নিরাপত্তা পরিষদে কাশ্মীর ইস্যু তোলায় ইসলামাবাদের কড়া সমালোচনা করে দিল্লি।

ভারত প্রথম থেকে এটিকে নিজেদের অভ্যন্তরীণ বিষয় বলে দাবি করে আসছে। তারা বলছে, এ নিয়ে অন্য কোনো দেশ হস্তক্ষেপ করুক তারা চান না।

প্রসঙ্গত, গত বছরের ৫ আগস্ট ভারতীয় সংবিধান থেকে জম্মু-কাশ্মীরের বিশেষ মর্যাদা তুলে নেয়া হয়। এরপর এ দুটি অঞ্চলকে দুটি রাজ্যে ভাগ করে বিজেপি সরকার। এরপর থেকে কার্যত জম্মু-কাশ্মীর অচল হয়ে পড়ে। উপত্যকা অঞ্চলটিতে হাজার সেনা মোতায়েন করে ভারত সরকার। আটক করা হয় জম্মু-কাশ্মীরের সাবেক তিন মুখ্যমন্ত্রীকে। নির্যাতন করা হয় বিক্ষোভকারীদের। হাজার হাজার স্বাধীনতাকামী মুসলমানকে আটক করা হয়।

এ ঘটানার প্রথম থেকেই পাকিস্তান এর বিরোধিতা করে আসছে। এ নিয়ে পারমাণবিক শক্তিধর দুই দেশের মধ্যে উত্তেজনা চলে আসছে। দেশ দুটির মধ্যে সীমান্তে কয়েকদফা গোলাগুলির ঘটনা ঘটেছে। এতে উভয় দেশের বেশকিছু সামরিক ও বেসামরিক ব্যক্তি নিহত হয়েছেন। এমন উত্তেজনার মধ্যেই পাকিস্তান সফরে আসছেন ডোনাল্ড ট্রাম্প। যদিও ট্রাম্পের সফর নিয়ে ভারত কোনো আনুষ্ঠানিক মন্তব্য করেনি।

সুত্র- যুগান্তর

ইরান! পারমাণবিক চুক্তি থেকে বেরিয়ে যাচ্ছে

এ বিষয়ে বুধবার ইরানের প্রেসিডেন্ট হাসান রুহানির চিফ অব স্টাফ মাহমুদ ভায়েজি বলেছেন, শেষ বিকল্প হিসেবে ২০১৫ সালের পারমাণবিক চুক্তি থেকে বেরিয়ে যাওয়াই এখন ইরানের লক্ষ্য।

যুক্তরাষ্ট্রের সঙ্গে উত্তেজনার মধ্যেই পাঁচ বছর আগের ছয় বিশ্বশক্তির সঙ্গে সই করা পরমাণু চুক্তি থেকে সরে আসবে ইরান; এমন ইঙ্গিত পাওয়া গেছে।

দেশটির রাষ্ট্রীয় সংবাদ সংস্থা আইআরএনএর বরাত দিয়ে রুহানির চিফ

এমন বার্তা দিয়েছেন বলে জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স।

ইরানের এ ঘোষণার পর দেশটি পারমাণবিক অস্ত্র এবং পারমাণবিক চুল্লি তৈরিতে ইউরেনিয়ামের ব্যবহার শুরু করার শঙ্কা প্রবল হয়ে দেখা দিয়েছে।

আইআরএনএর প্রতিবেদনে বলা হয়েছে, মাহমুদ ভায়েজি বলেন, কেউ কেউ ইরানকে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে নিয়ে যেতে পারে বলে আলোচনা করেছে। এটি যদি সত্যি হয়, তা হলে আমরা পারমাণবিক চুক্তি থেকে বেরিয়ে যাওয়ার মতো কঠিন সিদ্ধান্ত নিতে বাধ্য হব।

তিনি বলেন, পারমাণবিক চুক্তি থেকে ইরানের বেরিয়ে যেতে পারে এমন বক্তব্য নতুন নয়। এর আগেও এ সম্ভাবনার কথা প্রেসিডেন্ট হাসান রুহানি ইউরোপীয় ইউনিয়নের লিখিতভাবে তুলে ধরেছিলেন। সেখানে তিনি উল্লেখ করেছেন, ইরান কেন পারমাণবিক চুক্তি থেকে বেরিয়ে যাবে।

গত সপ্তাহে ইরানের বিরুদ্ধে ব্রিটেন, ফ্রান্স ও জার্মানির নালিশের পর প্রতিক্রিয়ায় এমন বক্তব্য দিলেন মাহমুদ ভায়েজি।

ইরানের বিরুদ্ধে অভিযোগ করে ওই তিন রাষ্ট্র যে বিবৃতি দিয়েছে, ইরান পারমাণবিক চুক্তির শর্ত ধীরে ধীরে লঙ্ঘন করছে। সাম্প্রতিক ঘটনাবলিতে এটি গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে যে, পুরো অঞ্চলকে হুমকির মুখে ফেলে চলমান উত্তেজনায় আমরা পারমাণবিক বিস্তারের সংকট যুক্ত করতে পারি না। তেহরান চুক্তির শর্ত লঙ্ঘন করায় এখন ইরান, রাশিয়া, চীন, ফ্রান্স, জার্মানি এবং যুক্তরাজ্য ভিয়েনায় রাজনৈতিক স্তরের এক বৈঠকে মিলিত হবে। সেখানে আনুষ্ঠানিকভাবে বিরোধ নিষ্পত্তির চেষ্টা হবে।

প্রসঙ্গত পারমাণবিক কর্মসূচি হ্রাস করার বিনিময়ে আন্তর্জাতিক নিষেধাজ্ঞা প্রত্যাহারের শর্তে ২০১৫ সালে নিরাপত্তা পরিষদের স্থায়ী ৫ সদস্য ও জার্মানির সঙ্গে ইরান জয়েন্ট কম্প্রিহেনসিভ প্ল্যান অব অ্যাকশন নামে চুক্তিতে সই করেছিল।

এর পর ইরান চুক্তির শর্ত মানছে না উল্লেখ করে ২০১৮ সালে যুক্তরাষ্ট্র এ চুক্তি থেকে বেরিয়ে যায়।

এদিকে যুক্তরাষ্ট্রের সর্বশেষ নিষেধাজ্ঞায় ইরানি মুদ্রার মূল্যমান কমতে কমতে রেকর্ড সর্বনিম্ন অবস্থানে পৌঁছায়। মূল্যস্ফীতি হয়েছে চারগুণ, হাতছাড়া হতে থাকে বিদেশি বিনিয়োগ।

এর পরও ইরান এতদিন ধরে চুক্তিতে দেয়া সব প্রতিশ্রুতিই রক্ষা করে আসছেন বলে জানিয়েছেন আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থার (আইএইএ) পর্যবেক্ষকরা।

২০১৫ সালে চুক্তির পর থেকে এ সংস্থাই তেহরানের পারমাণবিক কার্যক্রম পর্যবেক্ষণ করে আসছে।

সম্প্রতি ইরানি জেনারেল ও কুদস ফোর্সের প্রধান জেনারেল কাসেম সোলাইমানি মার্কিন ড্রোন হামলায় নিহতের পর তেহরান-ওয়াশিংটনের মাঝে নতুন করে উত্তেজনা দেখা দেয়।

এমন পরিস্থিতিতে পারমাণবিক চুক্তির শর্ত ইরান মানবে না বলে গত ৬ জানুয়ারি ঘোষণা দেয়।

সুত্র-যুগান্তর